দৈনিক ইনকিলাব

NOV. 27 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

আইন অনুষদে ভর্তির নতুন পদ্ধতি বাতিল

# বাংলা ও ইংরেজীতে মাদ্রাসা ছাত্রদের ভর্তির সুযোগ প্রদানের দাবীতে বিক্ষোভ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদে ভর্তির বৈষম্যমূলক নতুন পদ্ধতি বাতিল এবং 'ঘ' ইউনিটে ভর্তির ন্যূনতম যোগ্যতা হিসেবে বাংলা ও ইংরেজী বিষয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে চারশ' নম্বর অধ্যয়নের শর্ত বাতিল করে বিষয় দু'টিতে মাদ্রাসার ছাত্রদের ভর্তির সুযোগ প্রদানের দাবীতে বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীরা গত (সোমবার) ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল, সমাবেশ ও ভিসির কাছে স্মারকলিপি পেশ করে। শতাধিক ছাত্রছাত্রীর মিছিলটি কয়েক দফা ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে কলাভবনের সম্মুখে সমাবেশ করে। পরে ছাত্রছাত্রীদের একটি প্রতিনিধি দল ভিসির কার্যালয়ে গিয়ে স্মারকলিপি পেশ করে। স্মারকলিপিতে তারা উল্লেখ করে, নতুন পদ্ধতিতে আইন অনুষদের ভর্তি পরীক্ষা 'খ' ইউনিটের পরিবর্তে 'ঘ' ইউনিটের মাধ্যমে গ্রহণ করা হলে কলা ও বাণিজ্য বিভাগ থেকে আগত ছাত্রছাত্রীরা ক্ষতিগ্রস্ত হবে। কারণ বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রাপ্ত নম্বর বেশী থাকায় তারা অনেক সুবিধাজনক অবস্থানে থাকবে। এছাড়া মাদ্রাসা বোর্ড থেকে উত্তীর্ণ ছাত্রছাত্রীরা সম্পূর্ণভাবে বঞ্চিত হবে। কারণ 'ঘ' ইউনিটে ভর্তির প্রাথমিক শর্তই হল 'উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাংলা ও ইংরেজী বিষয়ে চারশ' নম্বর অধ্যয়ন।' অথচ আলিম পর্যায়ে প্রায় সমপরিমাণ সিলেবাসেই মাদ্রাসার ছাত্রছাত্রীরা দুইশ' নম্বর অধ্যয়ন করে। স্মারকলিপিতে উল্লেখ করা হয়, বিগত সরকারের আমলে 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষার শর্তাবলীর মাঝে বাংলা ও ইংরেজী বিভাগসহ আরও কয়েকটি বিষয়ে ভর্তির ন্যূনতম শর্ত হিসেবে উচ্চ মাধ্যমিক স্তরে উক্ত বিষয় দু'টি চারশ' নম্বর অধ্যয়নের বৈষম্যমূলক অবাস্তব ও অযৌক্তিক শর্তারোপ করে মাদ্রাসা ছাত্রদের সংশ্লিষ্ট বিষয়দ্বয়ে ভর্তি হওয়া থেকে সম্পূর্ণরূপে বঞ্চিত করা হয়। স্মারকলিপিতে আইন অনুষদে ভর্তির পূর্ববর্তী নিয়ম পুনর্বহাল এবং 'খ' ইউনিটের অধীনে বাংলা ও ইংরেজীতে চারশ' নম্বরের শর্ত বাতিলের দাবী জানানো হয়।